

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক অর্জন : যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে যুবদের উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণদান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্তে গত ০৩(তিন) বছরে দেবিদ্বার উপজেলায় ১০৫০ জনকে প্রশিক্ষণ; ১,৭২,৯০,০০০/- টাকা প্রশিক্ষণোত্তর যুব ঋণ বিতরণ করা হয়েছে। তাছাড়া, ২৩৩ জন যুব ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে আত্মকর্মী করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ: যুব জনসংখ্যা ক্রমবর্ধমান; এ ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে রপ্তানি করা একটি চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা: শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-লানিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ৪২০ জন যুবক/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ৮০ জনকে ৪৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরণের মাধ্যমে স্বাবলম্বী করা।
- প্রান্তিক জনগোষ্ঠীকে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণে ৪০ জনকে ৪,৮০,০০০/- টাকা ঋণ সহায়তা প্রদান।
- আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণপূর্বক ৯৩ জন আত্মকর্মী সৃজন।
- জনসচেতনতামূলক ০১ টি সভা আয়োজন।
- ০১ টি যুব সংগঠন নিবন্ধন।

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাস্তসূত্র
			২০২২-২৩	২০২৩-২৪		২০২৫-২৬	২০২৬-২৭		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
আত্মকর্মসংস্থান ৫% বৃদ্ধি পাবে	প্রশিক্ষিত যুব সংখ্যা	জন	২১০	৪২০	৪২০	৪৪১	৪৬৩	যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা	যুউঅ, কুমিল্লা
	ঋণ বিতরণের মাধ্যমে উপকারভোগির সংখ্যা	সংখ্যা	৯৯	২০৯	১২০	১২৬	১৩২	যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা	যুউঅ, কুমিল্লা
	আত্মকর্মীর সংখ্যা	সংখ্যা	৮৪	৬৫	৯৩	৯৮	১০৩	যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা	যুউঅ, কুমিল্লা
	জনসচেতনতা অনুষ্ঠান	সংখ্যা	০	১	১	১	২	যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা	যুউঅ, কুমিল্লা
	যুব সংগঠন নিবন্ধন	সংখ্যা	১	১	১	১	২	যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা	যুউঅ, কুমিল্লা